গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৫- ৮৫২ তারিখঃ ২৬-১১-২০১৬।

## সভার নোটিশ

২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে অন্তর্ভূক্ত কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীর অক্টোবর, ২০১৬ পর্যন্ত সময়ে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা আগামী ২৭-১১-২০১৬ তারিখ (রবিবার) সকাল ৯.৩০ ঘটিকায় কৃষি বিপণন অধিদপ্তরের সম্মোলন কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক, জনাব মোঃ মাহবুব আহমেদ।

২। সভায় আলোচ্য সূচীঃ

২.১) ২৭-১০-২০১৬ তারিখে অনুষ্ঠিত প্রকল্প/কর্মসূচীর অগ্রগতি. (সেপ্টেম্বর, ২০১৬) পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

২.২) ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীর (অক্টোবর,২০১৬) পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

২.৩) ২৭-১০-২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা।

২.৪) বিবিধ।

৩। প্রকল্প বাস্তবায়নের হালনাগাদ, পরিস্থিতি, সমস্যা এবং তা নিরসন সম্পর্কিত প্রস্তাবসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও প্রকল্প/কর্মসূচী পরিচালকদের উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ২৭-১১-২০১৬ তারিখ সভার কার্যপত্র।

২৬/১১/১৬

(আনারুল কবির)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: dc_p@dam.gov.bd

**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। প্রধান (গবেষণা ও উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২। উপ- পরিচালক ( পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল বিভাগ।
৪। প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
৫। প্রকল্প পরিচালক (অঃ দাঃ), সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
৬। উপ-প্রকল্প পরিচালক, মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), কুষ্টিয়া।
৭। কর্মসূচী পরিচালক, বসতবাড়িতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। সহকারী পরিচালক (প্রশাসন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(সভায় অংশ গ্রহণকারীদের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা (ওয়েব সাইড-এ প্রকাশের অনুরোধসহ)।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

**বিষয়ঃ নভেম্বর ২০১৬ মাসে অনুষ্ঠিতব্য কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচীসমূহের অগ্রগতি পর্যালোচনা (অক্টোবর, ২০১৬ পর্যন্ত ) সভার কার্যপত্র।**

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : সকাল ০৯:৩০ ঘটিকা।
তারিখ : ২৭ নভেম্বর, ২০১৬ খ্রিঃ।

**০১। আলোচ্য সূচী-১:** ২৭/১০/২০১৬ তারিখে অনুষ্ঠিত প্রকল্প ও কর্মসূচী'র পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ

২৭ অক্টোবর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী গত ১৪/১১/২০১৬ তারিখে সংশ্লিষ্টদের মাঝে বিতরণ করা হয়েছে। বিতরণকৃত কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। সভার কার্যবিবরণীটি নিশ্চিত করা যেতে পারে।

**০২। আলোচ্য সূচী-২:** ২০১৬-১৭ অর্থ বছরের অধিদপ্তরের আওতায় এডিপিভুক্ত প্রকল্প ও কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিবরণঃ

২.১: ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পের অনুকূলে বরাদ্দ, অবমুক্তি ও অগ্রগতি (অক্টোবর, ২০১৬ পর্যন্ত):

(লক্ষ টাকা)

| ক্রঃ নং | প্রকল্প/ কর্মসূচীর নাম ও বাস্তবায়ন কাল | ডিপিপিতে মোট প্রক্কলিত ব্যয় | ২০১৬-১৭ সালের এডিপি বরাদ্দ | | অবমুক্তি (বরাদ্দে %) | ২০১৬-১৭ সালের বরাদ্দের বিপরীতে অগ্রগতি | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | সেপ্টেম্বর/২০১৬ইং মাস পর্যন্ত | | অক্টোবর/২০১৬ইং মাস পর্যন্ত | | |
| | | | মোট | জিওবি (পিএ) | | আর্থিক (%) | বাস্তব | আর্থিক (%) | বাস্তব | |
| | *প্রকল্প* | | | | | | | | | |
| (ক) | মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) (ডিএএম অংগ) (০১/০৭/২০১১ হতে ৩০/০৬/২০১৭) | ৯৬৫.০০ | ১১৮.০০ | ১১৮.০০ (-) | ২৯.৫০ (২৫%) | ১৪.৬৬ (১২.৪২%) | ২৫% | ২৭.২২ (২৩.০৭%) | ৩৫% | বর্তমান অবস্থা সম্পর্কে উপ-প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| (খ) | পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) (ডিএএম অংগ) (০১/০৭/২০১২ হতে ০/০৬/২০১৭) | ১,০০৯.০০ | ২৮৫.০০ | ২৮৫.০০ (-) | ৭১.২৫ (২৫%) | ৩৪.৬১ (১২.১৪%) | ২০% | ৭১.২৬ (২৫.০০%) | ৩০% | বর্তমান অবস্থা সম্পর্কে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| (গ) | সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ) (০১/০৩/২০১৫ হতে ৩০/০৬/২০২০) | ১,৩৭৮.০০ | ৩৩৪.০০ | ৩৩৪.০০ (-) | ৮৩.৫০ (২৫%) | ২৮.৩২ (৮.৪৮%) | ২৫% | ৪২.৭৮ (১২.৮১%) | ৩৫% | বর্তমান অবস্থা সম্পর্কে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| | ***প্রকল্প মোটঃ*** | **৩,৩৫২.০০** | **৭৩৭.০০** | **৭৩৭.০০ (-)** | **১৮৪.২৫ (২৫.০০%)** | **৭৭.৫৯ ১০.৫৩%)** | | **১৪১.২৬ (১৯.১৭%)** | - | |
| | **কর্মসূচী** | | | | | | | | | |
| | বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | ১০০.০০ | ২৩.০০ | ২৩.০০ (-) | **৫.৭৫ (২৫%)** | ০০ | - | ১.৪৪ | ২৫% | কর্মসূচীর অবস্থা বিষয়ে কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| | **কর্মসূচী মোটঃ** | **১০০.০০** | **২৩.০০** | **২৩.০০ (-)** | **৫.৭৫ (২৫%)** | **০.০০ (০০%)** | - | **১.৪৪ (৬.২৬%)** | - | |

২.২: ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্প ও কর্মসূচীর দরপত্র পর্যালোচনা অক্টোবর/২০১৬পর্যন্ত):

| ক্রঃ নং | প্রকল্প/ কর্মসূচীর নাম | দরপত্র/ প্যাকেজের সংখ্যা | দরপত্র আহবান (%) | কার্যাদেশ (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | ***প্রকল্প*** | | | | |
| ০১ | মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) (ডিএএম অংগ) | পন্য: ০১টি<br>কার্য: -<br>সেবা: -<br>**মোট: ০১টি** | পন্য: ০১টি<br>কার্য: -<br>সেবা: -<br>**মোট: ০১টি** | পন্য: ০১টি<br>কার্য: -<br>সেবা: -<br>**মোট** | বর্তমান অবস্থা সম্পর্কে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| ০২ | পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (ডিএএম অংগ) | পন্য: ০১টি<br>কার্য: ০২টি<br>সেবা: -<br>**মোট: ০৩টি** | পন্য: ০১টি<br>কার্য: ০২টি<br>সেবা: -<br>**মোট: ০৩টি** | পন্য: ০১টি<br>কার্য: -<br>সেবা: -<br>**মোট: -** | বর্তমান অবস্থা সম্পর্কে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| ০৩ | সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ) | পন্য: ০১টি<br>কার্য: ০৩টি<br>সেবা: ০২টি<br>**মোট: ০৬টি** | পন্য: ০১টি<br>কার্য: ০২টি<br>সেবা: ০২টি<br>**মোট: ০৫টি** | পন্য: ০১টি<br>কার্য: -<br>সেবা: -<br>**মোট: -** | বর্তমান অবস্থা সম্পর্কে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| | **প্রকল্প মোটঃ** | পন্য: ০৩টি<br>কার্য: ০৫টি<br>সেবা: ০২টি<br>**মোট: ১০টি** | পন্য: ০৩টি<br>কার্য: ০৩টি<br>সেবা: ০২টি<br>**মোট: ০৯টি** | পন্য: ০৩টি<br>কার্য :-<br>সেবা: -<br>**মোট:** ০৩টি | |
| | **কর্মসূচী** | | | | |
| ০৪ | বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী। | পন্য: ০৩টি<br>কার্য:<br>সেবা: -<br>**মোট:** ০৩টি | পন্য: ০১<br>কার্য: -<br>সেবা: -<br>**মোট:** ০১টি | পন্য: ০১টি<br>কার্য : -<br>সেবা: -<br>**মোট:** ০১টি | বর্তমান অবস্থা সম্পর্কে কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| | **কর্মসূচী মোটঃ** | **মোটঃ** ০৩টি | **মোটঃ ০১টি** | **মোটঃ** ০১টি | |

০৩। আলোচ্য সূচী-৩ ২৭/১০/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ও অগ্রগতি পর্যালোচনাঃযে

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| ০১। | **২০১৫-১৬ এর আরএডিপি তে নতুন প্রকল্প প্রস্তাব** | **সিদ্ধান্ত-৩.২.১.** ২০১৫-২০১৬ অর্থ বছরের সবুজ পাতায় অর্ন্তভূক্ত প্রস্তাবিত **"কৃষি পণ্য প্রক্রিয়াকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক "** শীর্ষক প্রকল্পের জন্য গঠিত যাচাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পেরিফেরিভূক্ত উপ-জেলা গুলোকে অন্তর্ভূক্ত এবং ফিজিবিলিটি ষ্টাডি প্রতিবেদন সংযুক্ত করে দ্রুত সময়ের মধ্যে DPP টি মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (পিপি) ও আহ্বায়ক প্রকল্পের ফিজিবিলিটি কমিটি | প্রস্তাবিত নতুন প্রকল্পের ফিজিবিলিটি স্টাডির চূড়ান্ত প্রতিবেদন পাওয়া যায়নি। প্রতিবেদন প্রাপ্তির পর তা সংযুক্ত করে ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br><br>ইতোমধ্যে দ্রুততম সময়ের মধ্যে প্রতিবেদন দাখিলের নিমিত্ত ফিজিবিলিটি কমিটির আহ্বায়ককে পত্র প্রেরণ করা হয়েছে। |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-৩.২.২.** অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত সবুজ পাতায় প্রকল্প ভূক্ত জেলাসমূহে (জেলা সদর ছাড়াও নিকটবর্তী উপজেলা) জমি প্রাপ্তির বিষয়ে তথ্য প্রদান এবং নুতন প্রকল্পের জন্য চাহিত তথ্য জরুরী ভিত্তিতে প্রেরণের নিমিত্ত বিভাগীয় উপ-পরিচালকগণ কর্তৃক সংশ্লিষ্ট ডিএমও/ডিএমআইগণকে দিকনির্দেশনা প্রদান করবেন। যে সকল ডিএমও/ডিএমআইগণ নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করবেননা তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক | এ বিষয়ে খুলনা বিভাগীয় অফিস হতে জানানো হয়েছে যে, একাধিক বার দিক নির্দেশনা দেওয়ার পর খুলনা ও মাগুরা জেলা হতে খাস জমির প্রতিবেদন পাওয়া যায় যার মধ্যে খুলনা জেলা প্রতিবেদন ছক অনুযায়ী এবং মাগুরা জেলার প্রতিবেদন ছক অনুযায়ী নয়। বরিশাল, পিরোজপুর, সাতক্ষীরা, কুষ্টিয়া, যশোর অফিস হতে পূর্ণাঙ্গ প্রতিবেদন পাওয়া যায়নি।<br><br>ঢাকা বিভাগ হতে জানানো হয়েছে যে, ঢাকা, ময়মনসিংহ, ফরিদপুর, নরসিংদী ও গোপালগঞ্জ জেলাকে তাগিদ প্রদান করা হয়েছে। ময়মনসিংহ জেলাধীন তারাকান্দা উপজেলার গৌরীপুরের কলতাপাড়া বাজারে এসেম্বল সেন্টার নির্মাণের লক্ষ্যে ১০ (দশ) কাঠা খাস জমি এবং অফিস কাম ট্রেনিং সেন্টারের জন্য ময়মনসিংহ শহরে ডিএই এবং বিএডিসির জমি চিহ্নিত করা হয়েছে। তাছাড়া ফরিদপুর জেলাও অনুরুপ অগ্রগতি হয়েছে। এতদসংক্রান্ত জমির কাগজপত্র ২৪/১১/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে পাওয়া যাবে মর্মে সংশ্লিষ্ট জেলা অফিস হতে জানানো হয়েছে। সংশ্লিষ্ট বিষয়ে অন্যান্য জেলায় কার্যক্রম অব্যাহত আছে।<br><br>রাজশাহী ও চট্টগ্রাম বিভাগ হতে কোন অগ্রগতি জানানো হয়নি। সভায় আলোচনা করা যেতে পারে। |
| ০২ | **মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (ডিএএম অংগ)** | **সিদ্ধান্ত-৩.৩.১:** প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রুত চালু করার নিমিত্ত কৃষক দল গঠন ও স্থানীয় ব্যাংকের সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে ব্যংক ঋণ অনুমোদনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) | ঝিনাইদহ জেলার শৈলকূপা উপজেলার গাড়াগঞ্জে এবং ডাকবাংলা বাজারে ইতোমধ্যে কৃষক দল গঠন, গুদাম পরিচালনা কমিটি ও গুদাম উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। ব্যাংক ঋণের বিষয়ে গাড়াগঞ্জ বাজারে অবস্থিত সোনালী ব্যাংক ও সাধুহাটিতে অবিস্থত অগ্রণী ব্যাংকের সাথে গুদাম পরিচালনা কমিটির সদস্যদের মতবিনিময় করানো হয়েছে। শস্য জমা রাখার বিপরীতে ব্যাংক ঋণের আবেদন করলে ঋণ প্রদানের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক জানানো হয়েছে। |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-৩.৩.২:** ঝিনাইদহ জেলার বাজার অনুসন্ধানকারী প্রকল্প কার্যক্রমে সার্বিক সহোযোগীতা না করায় কারণ দর্শানো নেটিশ প্রদান করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক, খুলনা | ঝিনাইদহ জেলার বাজার অনুসন্ধানকারী প্রকল্প কার্যক্রমে সার্বিক সহোযোগীতা না করার কারণে সর্তকপূর্বক পত্র পাঠানো হয়েছে মর্মে বিভাগীয় উপ-পরিচালক (উপ-সচিব) খুলনা জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৩.৩:** ঝিনাইদহ জেলার ডাক বাংলো বাজারের গঠিত গুদাম কমিটি ভেঙ্গো দিয়ে নুতন কমিটি গঠন করতে হবে এবং আঞ্চলিক ব্যবস্থাপক বাগুরা কর্তৃক উক্ত গুদাম চালুকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, কুষ্টিয়া ও বিভাগীয় উপ-পরিচালক, খুলনা | ঝিনাইদহ জেলার ডাক বাংলা বাজারের গঠিত গুদাম কমিটি ইতোমধ্যে ভেঙ্গে নতুন কমিটি গঠন করা হয়েছে। আঞ্চলিক ব্যবস্থাপক মাগুরা এর সহযোগিতাই গুদাম চালুকরার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে। |
| | | **সিদ্ধান্ত-৩.৩.৪:** Packaging, Sorting, Grading-এর প্রচার-প্রচারণার নিমিত্ত ট্রেইনিং সেন্টারের ডিসপ্লে রুমে ব্যানার, ফেস্টুন, ডিসপ্লে বোর্ড ইত্যাদি প্রদর্শনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) | প্রকল্পের অধীনে নির্মিত ট্রেনিং সেন্টারে Packaging, Sorting, Grading ইত্যাদি সম্পর্কিত প্রশিক্ষণ ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে। Packaging, Sorting, Grading এর প্রচার-প্রচারণার নিমিত্ত ট্রেইনিং সেন্টারের ডিসপ্লে রুমে ব্যানার, ফেস্টুন, ডিসপ্লে বোর্ড ইত্যাদি প্রদর্শনের বিস্তারিত ব্যয় প্রাক্কলন ও স্যাম্পল সংগ্রহের কাজ চলমান আছে মর্মে প্রকল্প হতে জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৩.৫:** এসেম্বল সেন্টারগুলোতে সাপ্তাহিক বাজারের পাশাপাশি দৈনিক বাজার চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) | এসেম্বল সেন্টারগুলোতে সাপ্তাহিক বাজারের পাশাপাশি দৈনিক বাজার চালু করার নিমিত্ত সংশ্লিষ্ট জেলার বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারী, শেড ব্যবস্থাপনা কমিটি ও ব্যবসায়ীদের সাথে মতবিনিময় করা হয়েছে। কুষ্টিয়া জেলার অন্তর্গত মধুরাপুর বাজারে ইতোমধ্যে দৈনিক বাজার চালু হয়েছে। চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা এসেম্বল সেন্টারে তিন দিন পান বাজারের পাশাপাশি দুই দিন কলার পাইকারী বাজার বসানোর উদ্যোগ ইতোমধ্যে গৃহীত হয়েছে মর্মে আলমডাঙ্গা পৌরমেয়র কর্তৃক জানানো হয়েছে। |
| | | **সিদ্ধান্ত-৩.৩.৬:** প্রকল্পের PCR প্রস্তুত করার কার্যক্রম দ্রুত শুরু করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) | PCR প্রস্তুত করার কার্যক্রম অব্যাহত আছে। |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| ০৩। | **পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (ডিএএম অংগ)** | **সিদ্ধান্ত-৩.৪.১:** ২০১৫-১৬ অর্থ বছরে নির্ধারিত এসেম্বল সেন্টারের অসমাপ্ত নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে এবং আগামী সভায় এ সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন উপস্থাপন করতে হবে। সমাপ্তকৃত এসেম্বল সেন্টার স্থানীয় প্রশাসন/উপজেলা নির্বাহী কর্মকর্তা/বিভাগীয় উপ-পরিচালক-কে দিয়ে উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এসেম্বল সেন্টারগুলোতে সাপ্তাহিক বাজারের পাশাপাশি দৈনিক বাজার চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) | এসেম্বল সেন্টারের নির্মাণ কাজের পূর্ণাঙ্গ প্রতিবেদন সভায় উপস্থাপন করা হবে। পোলেরহাট এসেম্বল সেন্টার কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় ১৬-১১-২০১৬ তারিখ উদ্বোধন করেছেন। পর্যায়ক্রমে অবশিষ্ট এসেম্বল সেন্টারগুলো উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এসেম্বল সেন্টারগুলোতে সাপ্তাহিক বাজারের পাশাপাশি দৈনিক বাজার চালু করার ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে প্রকল্প অফিস থেকে জানানো হয়েছে। |
| | | **সিদ্ধান্ত-৩.৪.২:** ২০১৬-১৭ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ মার্চ, ২০১৭ এর মধ্যে ১০০% সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) | ২০১৬-১৭ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ মার্চ, ২০১৭ এর মধ্যে ১০০% সম্পন্ন করা হবে মর্মে প্রকল্প অফিস থেকে জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৪.৩:** প্রকল্পের PCR প্রস্তুত করার কার্যক্রম দ্রুত শুরু করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) | প্রকল্পের PCR প্রস্তুত করার কার্যক্রম দ্রুত শুরু করা হবে মর্মে প্রকল্প দপ্তর হতে জানিয়েছেন। |
| ০৪। | **সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)** প্রকল্প | **সিদ্ধান্ত-৩.৫.১:** প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শুরু করার জন্য এলজিইডিকে তাগিদ প্রদান অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ জন্য ডিজাইনসহ প্রাক্কলিত বাজেট অনুমোদনপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য তত্বাবধায়ক প্রকৌশলীর, সাপোর্ট সার্ভিস, এলজিইডি ভবন, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে এবং নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, হবিগঞ্জ ও মৌলভীবাজার কর্তৃক অতিশীঘ্র টেন্ডার আহ্বান করা হবে মর্মে প্রকল্প দপ্তর হতে জানা যায়। |
| | | **সিদ্ধান্ত-৩.৫.২:** সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের বিষয়ে দ্রুত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের বিষয়ে স্থাপত্য নকশা প্রণয়ন প্রক্রিয়াধীন আছে। তাছাড়া মাটি পরীক্ষা করার জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর সিলেট বরাবর পত্র প্রেরণ করা হয়েছে মর্মে প্রকল্প দপ্তর হতে জানিয়েছেন। |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-৩.৫.৩:** প্রকল্পের সার্ভে ও ডকুমেন্টারী প্রস্তুত করার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | প্রকল্পের আওতায় ভিডিও ডকুমেন্টারী নির্মাণের জন্য প্রতিষ্ঠানের তালিকা প্রণয়নপূর্বক RFP বিতরণ করা হয়েছে এবং সার্ভে কার্যক্রম পরিচালনা করার নিমিত্ত TOR প্রণয়নপূর্বক অনুমোদনের জন্য ডিএএম বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে মর্মে প্রকল্প দপ্তর হতে জানিয়েছেন |
| ০৫। | **এনসিডিপি বাজারের হালনাগাদ পরিস্থিতি বিষয়** | **সিদ্ধান্ত-৩.৬.১:** সমাপ্ত এফএমজি কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম (ভ্যান বিতরণ, ব্যানার ইত্যাদি) গ্রহণ করা হয়েছিল তার পূর্ণাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিভাগীয় উপ-পরিচালক তদারকী করবেন এবং জেলা বাজার কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন। এছাড়া অবিতরণকৃত ভ্যান বিতরণে করণীয় নির্ধারন করে বাস্তবসম্মত প্রতিবেদন প্রদান করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী। | সকল বিষয়ে নিয়মিত তদারকী করা হচ্ছে এবং অবিতরণকৃত ১০টি ভ্যানের মধ্যে জয়পুরহাট জেলার ০৪টি ভ্যান বিতরণ করা হয়েছে মর্মে জেলা বাজার কর্মকর্তা জয়পুরহাট জানিয়েছেন। এ বিষয়ে ০৩-১১-২০১৬ তারিখ ২০৪৩ সংখ্যক স্মারকে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে মর্মে বিভাগীয় উপ-পরিচালক (উপ-সচিব) রাজশাহী জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৬.২:** ক) বন্ধ এনসিডিপি মার্কেট সমূহ চালু করণের বিষয়ে কর্মপন্থা নির্ধারণসহ মন্ত্রণালয়ে প্রেরণযোগ্য একটি পুর্ণাঙ্গ প্রতিবেদন প্রধান (গবেষণা ও উন্নয়ন) ও বিভাগীয় উপ-পরিচালক, রাজশাহী পৃথক পৃথকভাবে দ্রুত সময়ে উপস্থাপন করবেন।<br><br>খ) যে মার্কেটগুলো আদৌ চালু হবেনা সেগুলি বিকল্প ব্যবহারের বিষয়ে মতামতসহ একটি বিস্তারিত প্রতিবেদন দাখিল করতে হবে। | প্রধান (গবেষণা ও উন্নয়ন) ও বিভাগীয় উপ-পরিচালক রাজশাহী | সংশ্লিষ্ট বিষয়ে প্রচেষ্টা অব্যাহত আছে। |
| | | **সিদ্ধান্ত-৩.৬.৩:** কর্মসূচী চলাকালীন সময়ে বিতরণকৃত ভ্যান-এর কিস্তি নিয়মিত আদায় এবং অবক্রিত ভ্যান গুলো দ্রুত বিতরনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক রাজশাহী | এ বিষয়ে কার্যক্রম অব্যাহত আছে। |
| | | **সিদ্ধান্ত-৩.৬.৪:** রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি মার্কেটের সমস্যা ও সমাধানের প্রয়োজনীয়তা নিরুপণ করে আগামী সভার পূর্বে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করতে হবে। | সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা রংপুর | এ বিষয়ে পূর্ণাঙ্গ প্রতিবেদন সভায় উপস্থাপন করা হবে মর্মে সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, রংপুর জানিয়েছেন। |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| ০৬। | **"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী** | **সিদ্ধান্ত-৩.৭.১:** নির্বাচিত ১০ টি উপ-জেলায় যে ১০টি আলুর মডেল ঘর তৈরী করা হয়েছে তার ভিডিও চিত্র আগামী ADP সভায় প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | কর্মসূচীর আওতায় নির্মিত ১০ (দশ) টি মডেল ঘরের ভিডিও চিত্র ২৭-১০-২০১৬ তারিখে অনুষ্ঠিত এডিপি সভায় প্রদর্শন করা হয়েছে মর্মে কর্মসূচী পরিচালক জানিয়েছেন। মূলতঃ গত ২৭-১০-২০১৬ তারিখে অনুষ্ঠিত এডিপি সভায় কোন ভিডিও চিত্র নয় বরং স্থির চিত্র প্রদর্শন করা করা হয়েছে। |
| | | **সিদ্ধান্ত-৩.৭.২:** ২০১৬-১৭ অর্থবছরে মুন্সিগঞ্জ জেলায় ০৫টি এবং রংপুর ও রাজশাহী অঞ্চলে ১৫টি আলুর মডেল ঘর তৈরীর নিমিত্ত দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে এবং (১০+২০)টি=৩০টি আলুর ঘরে আগামী মৌসুমে আলু সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | ২০১৬-২০১৭ অর্থবছরে মুন্সীগঞ্জ জেলায় ০৫ টি এবং রাজশাহী ও রংপুর অঞ্চলে ১৫ টি সহ মোট ২০ টি আলুর মডেল ঘর নির্মাণের দরপত্র কার্যক্রম সম্পাদন পূর্বক কার্যাদেশ প্রদান করা হয়েছে। ২০১৫-২০১৬ অর্থ বছরে নির্মিত ১০ টি এবং ২০১৬-১৭ অর্থবছরে নির্মিতব্য ২০ টি ঘরে আলু সংরক্ষণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে কর্মসূচী পরিচালক জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৭.৩:** কর্মসূচীর আওতায় যে কৃষক বিপণন দল ইতোমধ্যে গঠন করা হয়েছে ও ভবিষ্যতে হবে তার তথ্য পূর্বের প্রেরিত ছক মোতাবেক সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | ২০১৫-২০১৬ অর্থবছরে নির্মিত ১০ টি মডেল ঘরের সংশ্লিষ্ট উপজেলায় ২০ টি কৃষক বিপণন দল গঠন করা হয়েছে। কিছু যাচাই-বাছাই ও যথাযথ অনুমোদন প্রক্রিয়ার পর সদর দপ্তরে প্রেরণ করা হবে। ২০১৬-২০১৭ অর্থবছরে নির্মিতব্য ২০ টি মডেল ঘরের সংশ্লিষ্ট উপজেলায় ৪০ টি কৃষক বিপণন দল গঠন কার্যক্রম অব্যাহত আছে। যথাযথ অনুমোদন প্রক্রিয়ার পর সদর দপ্তরে প্রেরণ করা হবে মর্মে কর্মসূচী পরিচালক জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৭.৪:** যে সকল এলাকায় আলুর ঘর তৈরী করা হবে উক্ত ঘরের উদ্দেশ্য, লক্ষ্য ও উপকারিতা উল্লেখ পূর্বক একটি প্রদর্শনী বোর্ড লাগাতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | ২০১৬-১৭ অর্থ বছরে বরাদ্দ প্রাপ্তি ও অর্থ ছাড় সাপেক্ষে প্রদর্শনী বোর্ড তৈরী ও স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হবে।<br>উল্লেখ্য, ইতোমধ্যে কর্মসূচীর ১ম কিস্তি ছাড় করা হয়েছে। ২য় কিস্তি অর্থ ছাড়ের জন্য প্রস্তাব করা হয়েছে। |
| | | **সিদ্ধান্ত-৩.৭.৫:** কর্মসূচীর কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক মনিটরিং প্রতিবেদন আগামী সভার পূর্বে এবং স্ব-স্ব সদস্যগণ কর্তৃক কমপক্ষে ০২ টি আলুরঘর পরিদর্শনের প্রতিবেদন আগামী ২০শে নভেম্বর,২০১৬ মধ্যে প্রেরণ করতে হবে। | আহ্বায়ক কর্মসূচী মনিটরিং টীম | কর্মসূচী মনিটরিং টিমের আহবায়ক ও উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী কর্তৃক ১ম ত্রৈমাসিক মনিটরিং প্রতিবেদন দাখিল করা হলেও মনিটরিং টীমের সদস্যগণ কর্তৃক সরেজমিন পরিদর্শন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করা হয়নি। |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-৩.৭.৬:** কর্মসূচীর আওতায় টিওটি প্রশিক্ষণে স্থানীয় ব্যবসায়ী এবং গৃহিণীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | ২০১৬-২০১৭ অর্থবছরে বরাদ্দ প্রাপ্তি ও অর্থ ছাড় সাপেক্ষে কর্মসূচীর আওতায় অনুষ্ঠিতব্য টিওটি প্রশিক্ষণে স্থানীয় ব্যবসায়ী এবং গৃহিনীদের অংশ গ্রহণ নিশ্চিত করা হবে।<br>উল্লেখ্য, ইতোমধ্যে কর্মসূচীর ১ম কিস্তি ছাড় করা হয়েছে। ২য় কিস্তি অর্থ ছাড়ের জন্য প্রস্তাব করা হয়েছে। |
| ০৭। | **দরপত্র অগ্রগতি** | **সিদ্ধান্ত-৩.৮.১:** ২০১৬-১৭ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল দরপত্র বিশেষ করে র্নিমাণ কাজের টেন্ডারসমূহ ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সংস্থাকে অনুরোধ জানাতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক | কর্মসূচী পরিচালক, রংপুর জানিয়েছেন কর্মসূচীর আওতায় ২০১৬-১৭ অর্থবছরে এ যাবত পর্যন্ত প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী আর কোন টেন্ডার কার্যক্রম অবশিষ্ট নেই।<br>প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প জানিয়েছেন যে, ২০১৬-১৭ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী র্নিমাণ কাজের টেন্ডারসমূহ ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সংস্থাকে অনুরোধ জানানো হয়েছে।<br>অন্যান্য প্রকল্প হতে কোন তথ্য পাওয়া যায়নি। |
| | | **সিদ্ধান্ত-৩.৮.২:** সচিব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ডিসেম্বর,২০১৬ এর মধ্যে ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক | কর্মসূচী পরিচালক, রংপুর জানিয়েছেন কর্মসূচীর আওতায় ২০১৬-১৭ অর্থবছরে এ যাবত পর্যন্ত প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী আর কোন টেন্ডার কার্যক্রম অবশিষ্ট নেই।<br>প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প জানিয়েছেন যে, প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ডিসেম্বর, ২০১৬ এর মধ্যে ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।<br>অন্যান্য প্রকল্প হতে কোন তথ্য পাওয়া যায়নি। |
| ০৮। | **বিবিধ** | **সিদ্ধান্ত-৪.১:** বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের হার ৯৯.৫০ শতাংশের উপরে নিয়ে যাবার জন্য মাননীয় কৃষি মন্ত্রীর নির্দেশনামতে বরাদ্দকৃত অর্থের যথোপযুক্ত ও সময়ানুগ ব্যবহার নিশ্চিত করার জরুরী পদক্ষেপ নিতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক | বার্ষিক উন্নয়ন কর্মসুচী বাস্তবায়নের হার ৯৯.৫০ শতাংশের উপরে নিয়ে যাবার জন্য মাননীয় কৃষি মন্ত্রীর নির্দেশনা মতে বরাদ্দকৃত অর্থের যথোপযুক্ত ও সময়ানুগ ব্যবহার নিশ্চিত করার পদক্ষেপ নেওয়া হয়েছে মর্মে উপ-প্রকল্প পরিচালক ও কর্মসূচী হতে জানানো হয়েছে।<br>অন্যান্য প্রকল্প হতে কোন তথ্য পাওয়া যায়নি। |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-৪.২:** নরসিংদী জেলা বাজার অনুসন্ধানকারীর কার্যক্রমের যাবতীয় অনিয়ম এর উপর বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক, ঢাকা | নরসিংদী জেলা বাজার অনুসন্ধানকারীর কার্যক্রমের যাবতীয় অনিয়ম এর কারণে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর মহোদয়ের ১২.০২.০০০০.০০২.১৯.০৯১.১২-৬৮১ সংখ্যক অফিস আদেশে নরসিংদী জেলা বাজার অনুসন্ধানকারী জনাব মোঃ আবু তাহের মজুমদারকে পটুয়াখালী জেলায় বদলী করা হয় এবং ঢাকা বিভাগীয় কার্যালয়ের ০৯/১১/১৬খ্রিঃ তারিখের ৯৮১ সংখ্যক ছাড়পত্রে তাঁকে ১৪/১১/১৬খ্রিঃ তারিখ অপরাহ্নে অবমুক্ত করা হয়। উল্লেখ্য জনাব মোঃ আবু তাহের মজুমদার আগামী ০১/০১/২০১৭ খ্রিঃ তারিখে এলপিআর এ যাবেন মর্মে বিভাগীয় উপ-পরিচালক (উপ-সচিব) ঢাকা জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৪.৩:** অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন কর্মসূচীর কার্যক্রমে সচ্ছতা ও জবাব দিহিতা আনাসহ আগামী ডিসেম্বর,২০১৬ মধ্যে কর্মসূচীর অগ্রগতি ৫০% সম্পন্ন করতে হবে এবং ১ম কিস্তির অগ্রগতি কম হওয়ার বিষয়ে কারণ জানতে চেয়ে কর্মসূচী পরিচালককে পত্র দিতে হবে। | উপ- পরিচালক (পিপি) ও কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | কর্মসূচী কার্যক্রমের সচ্ছতা ও জবাব দিহিতা আনার জন্য এবং ডিসেম্বর, ২০০৬ এর মধ্যে কর্মসূচীর অগ্রগতি ৫০% সম্পন্ন করা ও ১ম কিস্তির অগ্রগতি কম হওয়ার কারণ অবহিত করার নিমিত্ত কর্মসূচী পরিচালককে পত্র প্রেরণ করা হয়েছে। |
| | | **সিদ্ধান্ত-৪.৪:** ২০১৬-১৭ অর্থ বছরের APA চুক্তি অনুযায়ী ১ম ত্রৈমাসিক অগ্রগতি কাঙ্কিত পর্যায়ে না হওয়ায় কারণ জানতে সকল বিভাগীয় উপ-পরিচালক,প্রকল্প পরিচালকগণ এবং কর্মসূচী পরিচালককে পত্র দিতে হবে। | উপ- পরিচালক (পিপি) | APA চুক্তি অনুযায়ী ১ম ত্রৈমাসিক অগ্রগতি কাঙ্কিত পর্যায়ে না হওয়ার কারণ জানার জন্য ইতোমধ্যে সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণ করা হয়েছে। |
| | | **সিদ্ধান্ত-৪.৫:** আগামী ডিসেম্বর,২০১৬ এর মধ্যে APA চুক্তি অনুযায়ী আবশ্যকভাবে ৫০% অগ্রগতি সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে কোন ব্যার্থতা হলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ- পরিচালক (পিপি) | আগামী ডিসেম্বর, ২০০৬ এর মধ্যে ৫০% অগ্রগতি সম্পন্ন করার জন্য ইতোমধ্যে সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণ করা হয়েছে। |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-৪.৬:** মাসিক এডিপি সভায় প্রত্যেক সদস্য এবং সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালক, প্রকল্প পরিচালক এবং কর্মসূচী পরিচালককে বিনাব্যর্থতায় উপস্থিত থাকতে হবে। অন্যথায় পূর্ব অনুমতি নিয়ে উপযুক্ত কর্মকর্তাকে প্রেরণ করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সকল প্রকল্প পরিচালক ও কর্মসূচী পরিচালক | বিভাগীয় উপ-পরিচালক (উপ-সচিব) খুলনা জানিয়েছেন নির্দেশনাটি মেনে এডিপি সভায় উপস্থিত থাকা হবে।<br><br>বিভাগীয় উপ-পরিচালক (উপ-সচিব) ঢাকা জানিয়েছেন সিদ্ধান্ত যথাযথ পালন করা হবে।<br><br>প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প জানিয়েছেন যে, মাসিক এডিপি সভায় প্রকল্প পরিচালক উপস্থিত থাকবেন। অন্যথায় পূর্ব অনুমতি নিয়ে উপযুক্ত কর্মকর্তাকে প্রেরণ করা হবে।<br><br>অন্য বিভাগ হতে কোন তথ্য পাওয়া যায়নি। |
| | | **সিদ্ধান্ত-৪.৭:** সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় যে সকল স্থাপনা নির্মাণ, পণ্য সংগ্রহ সংস্কার মূলক কার্যক্রম গ্রহণ ও কৃষক দল গঠণ করা হয়েছে তার পুর্ণাঙ্গ ব্যবহার ও তদারকী নিশ্চিত করতে হবে । | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সকল প্রকল্প পরিচালক | নির্দেশনাটি বাস্তবায়নের জন্য আঞ্চলিক ব্যবস্থাপক, শগঋক, মাগুরা, জেলা বাজার কর্মকর্তা, খুলনা ও যশোর এবং জেলা বাজার অনুসন্ধানকারী, চুয়াডাঙ্গাকে গত ০২ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে পত্র দেয়া হয়েছে এবং অতি শীঘ্র নীতিমালা প্রণয়ন পূর্বক সদর দপ্তরে প্রেরণ করা হবে মর্মে বিভাগীয় উপ-পরিচালক (উপ-সচিব) খুলনা জানিয়েছেন।<br><br>নির্দেশনা মোতাবেক যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে মর্মে বিভাগীয় উপ-পরিচালক (উপ-সচিব), ঢাকা জানিয়েছেন।<br><br>অন্যান্য বিভাগ হতে কোন তথ্য পাওয়া যায়নি। |

৪। **আলোচ্য সূচী-৪ বিবিধঃ**

৪.১: প্রকল্প/কর্মসূচী পরিচালকগণের প্রস্তাবমতে।

মহাপরিচালকের পক্ষে,

(আনারুল কবির )
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২



পরিকল্পিত ও উন্নত বিপণন ব্যবস্থাই নিশ্চিত করতে পারে কৃষক ও ভোক্তার ন্যায্য অধিকার